

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩০(আগরতলা, ১৭।০৪)

সোনামুড়া, ১৭ এপ্রিল, ২০১৮

সোনামুড়ায় আশ্বেদকর জন্মজয়ন্তী উদযাপিত

সোনামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে এবং তপশিলী জাতি কল্যাণ দপ্তরের সহযোগিতায় গত ১৪ এপ্রিল সোনামুড়া টাউন হলে ড. বি আর আশ্বেদকরের ১২৮তম জন্ম জয়ন্তী উদযাপন করা হয়। এই অনুষ্ঠানের সূচনা করে বিধায়ক সুভাষ চন্দ্র দাস বলেন, ড. বি আর আশ্বেদকর সামাজিক ন্যায় প্রতিষ্ঠা করার জন্য সারা জীবন সংগ্রাম করে গেছেন এবং সমাজে অবহেলিত, নির্যাতিত মানুষের অধিকার আদায়ে লড়াই করে গেছেন। তিনি বলেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সাধারণ মানুষের কল্যাণের জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন। প্রধানমন্ত্রীর স্বপ্নকে বাস্তবায়িত করতে এবং সুন্দর ত্রিপুরা গড়ে তোলার ক্ষেত্রে তিনি সকলের সহযোগিতার কামনা করেছেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সোনামুড়া মহকুমা কল্যাণ আধিকারিক অনন্দিতা দেববর্মা, অতিরিক্ত মহকুমা শাসক অসীম সাহা, বিশিষ্ট সমাজ সেবক স্বদেশ দত্ত, ধুবলাল চৌধুরী প্রমুখ। স্বাগত ভাষণ রাখেন মহকুমা শাসক সাজু বাহিদ এ। এই উপলক্ষ্যে বসে আঁকো প্রতিযোগিতা ও সামাজিক ন্যায় বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শেষে বসে আঁকো প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।
